

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

কিশোরগঞ্জ

www.fisheries.kishoreganj.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.৪৮০০.৪০০.১৮.০৫২.২২.৩৩

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

বিষয়: উপজেলাভিত্তিক নদীর মৎস্য জরিপ তথ্য, নমুনায়নের জন্য নির্বাচিত নমুনা গ্রাম (Sample Village) এবং নমুনা গ্রামের নৌকা, জেলে/মৎস্যজীবী ও ব্যবহৃত গিয়ার সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ আর্থিক সালের মৎস্যসম্পদ জরিপ কার্যক্রম আরো সুসংহত করার নিমিত্ত উপজেলাভিত্তিক জলাশয়ের তথ্য ধারাবাহিকভাবে হালনাগাদ করার নিমিত্ত নির্দেশনা প্রদান করা করা হয়েছে। নমুনায়নের মাধ্যমে নদীর মৎস্য আহরণ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য প্রতিটি উপজেলায় পূর্বে নির্ধারিত নমুনা গ্রাম (তালিকা সংযুক্ত) অথবা যেসকল উপজেলায় নদীর মৎস্য আহরণ নমুনায়নের জন্য নমুনা গ্রাম নির্ধারিত/কার্যকর নাই সেসকল উপজেলায় নতুনভাবে গ্রাম নির্বাচন করতে হবে। নতুন গ্রাম নির্বাচনের ক্ষেত্রে উপজেলার নদীর মৎস্য আহরণের প্রতিনিধিত্ব করে এমন গ্রাম নির্বাচন করতে হবে। নির্বাচিত নমুনা গ্রামের মোট নৌকার সংখ্যা, প্রতিটি নৌকার জেলে/মৎস্যজীবী দলের দলনেতা, নৌকার অন্যান্য জেলেদের সংখ্যা এবং নৌকায় ব্যবহৃত গিয়ারের তথ্য সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করতে হবে।

এমতাবস্থায় আপনার উপজেলার নদীর মৎস্য জরিপ নমুনায়নের জন্য নির্বাচিত নমুনা গ্রাম (Sample Village) এবং নমুনা গ্রামের নৌকা, জেলে/মৎস্যজীবী ও ব্যবহৃত গিয়ার সংক্রান্ত তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে হার্ড কপি এবং ইমেইল এর মাধ্যমে (email: dfokishoreganj@fisheries.gov.bd) সফট কপি আগামী ১৫/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: ১। নদীর মৎস্য জরিপ নমুনায়নের জন্য পূর্বে নির্বাচিত নমুনা গ্রামের তালিকা।

২। তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় ছকপত্র।

৩-১১-২০২২

রিপন কুমার পাল

জেলা মৎস্য কর্মকর্তা

ফোন: ০২৯৯৭৭৬১৬১৯

ইমেইল:

dfokishoreganj@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, (সকল)

স্মারক নম্বর: ৩৩.০২.৪৮০০.৪০০.১৮.০৫২.২২.৩৩/১

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।

৩-১১-২০২২

রিপন কুমার পাল

জেলা মৎস্য কর্মকর্তা